

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১১১৭

আগরতলা, ১৩ আগস্ট, ২০১৯

বিদ্যুৎ পরিষেবা নিয়ে সচিবালয়ে পর্যালোচনা বৈঠক

বিদ্যুৎ পরিষেবা স্বাভাবিক রাখতে নিগমকে আরও সচেষ্টিত হতে হবে : মুখ্যমন্ত্রী

রাজ্যে বিদ্যুৎ পরিষেবা স্বাভাবিক রাখতে বিদ্যুৎ নিগমকে আরও সচেষ্টিত হতে হবে। বিদ্যুৎ নিগমের আধিকারিকদের পেশাগত মনোভাব নিয়ে কাজ করতে হবে। যে যেখানে দায়িত্বে রয়েছেন সেই দায়িত্ব তাকে সঠিকভাবে পালন করতে হবে। আজ সচিবালয়ের ২নং সভাকক্ষে ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ উন্নয়ন নিগমের কাজের অগ্রগতি নিয়ে এক পর্যালোচনা বৈঠকে একথা বলেন মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব। তিনি বলেন, বিদ্যুৎ নিগমের ক্ষেত্র পর্যায়ে আধিকারিকদের জন্য ওয়ার্ক ডায়েরি রাখা আবশ্যিক। যে সমস্ত আধিকারিকগণ ক্ষেত্র পর্যায়ে নিগমে কাজ করছেন তাদের কাজের বিস্তারিত এই ডায়েরিতে লিখে রাখতে হবে। ১৫ দিন শেষে সেই ডায়েরি দেখে সংশ্লিষ্ট আধিকারিকের কাজের প্রয়োজনীয় পর্যালোচনা করবেন দপ্তরের শীর্ষ কর্তৃপক্ষ। মুখ্যমন্ত্রী আরও বলেন, বিদ্যুৎ নিগমের সমস্ত আধিকারিকগণ তাদের মোবাইল ফোনগুলি চালু রাখতে হবে যাতে করে বিদ্যুৎ ভোক্তারা বিদ্যুৎ সংক্রান্ত যেকোন সমস্যা জানতে পারেন। তিনি বলেন, নিচু থেকে উপর স্তরের আধিকারিকদের বিদ্যুৎ সরবরাহ করার ক্ষেত্রে ইতিবাচক দৃষ্টিভঙ্গি নিয়ে একযোগে কাজ করতে হবে। অনেক বছর ধরে বকেয়া বিল অনাদায়ী অবস্থায় পড়ে রয়েছে সেই বিষয়ে অবহিত হয়ে এধরনের পরিস্থিতির জন্য বিদ্যুৎ নিগম থেকে প্রয়োজনীয় কি পদক্ষেপ নেওয়া হয়েছে সেই বিষয়েও মুখ্যমন্ত্রী জানতে চান। এ অবস্থার নিরসনে তিনি দপ্তরকে প্রয়োজনীয় আইনি পদক্ষেপ নেওয়ার জন্য নির্দেশ দেন। তিনি বলেন, বিদ্যুৎ সারাইয়ের কাজ সম্পন্ন করার ক্ষেত্রে লক্ষ্যমাত্রা স্থির করতে হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে কাজ শেষ করার জন্য দায়িত্ব স্থির করে দিতে হবে আধিকারিকদের। কোনও কাজকে আটকে রাখা যাবে না। দ্রুততার সঙ্গে সিদ্ধান্ত নিয়ে কাজ সম্পাদন করতে হবে।

পর্যালোচনা সভায় উপমুখ্যমন্ত্রী তথা বিদ্যুৎ দপ্তরের মন্ত্রী যিশু দেববর্মা বলেন, বিদ্যুৎ বিভাগ হওয়া মাত্রই কম সময়ের মধ্যে দ্রুততার সাথে তা সারাইয়ের কাজ সম্পন্ন করতে হবে। বিদ্যুৎ পরিষেবাকে সচল রাখতে প্রতিনিয়ত সচেষ্টিত থাকতে হবে আধিকারিক থেকে লাইনম্যানদের। যেকোন সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে বিলম্ব যেন না হয় সেই দিকেও নজর রাখতে হবে। পর্যালোচনা সভায় বিদ্যুৎ নিগমের সি এম ডি এম এস কেলে নিগমের কাজ কর্মের বিস্তারিত তথ্য তুলে ধরেন। গ্রামীণ এবং শহরের বিদ্যুৎ সরবরাহের বর্তমান উৎস, বিদ্যুৎের চাহিদা, আগামী দিনের কর্ম পরিকল্পনার কথা তুলে ধরেন। পর্যালোচনা সভায় ট্রান্সফরমার প্রতিস্থাপনের বিষয়েও আলোচনা হয়।

*****২য় পাতায়

(২)

সভায় বাধারঘাট সাবস্টেশন আধুনিকীকরণের বিষয়েও আলোচনা করা হয়। এছাড়াও ট্রান্সফরমার প্রতিস্থাপন এবং সারাইয়ের পরিকল্পনা নিয়েও আলোচনা করা হয়। সভায় দুর্গাপুজার সময় যাতে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করা যায় তার জন্য প্রয়োজনীয় বিদ্যুৎ সংস্থান এবং প্রাকপ্রস্তুতির উপর সভায় বিদ্যুৎ নিগমে সি এম ডি আলোচনা করেন। সভায় রাজ্যে প্রয়োজনীয় বিদ্যুৎ পরিকাঠামোর উন্নয়ন, সৌরবিদ্যুৎ ব্যবহার, বিদ্যুৎ সংরক্ষণ, বিদ্যুৎ সাবস্টেশনগুলির আধুনিকীকরণ, বিদ্যুৎ বিলিং ব্যবস্থা নিয়েও আলোচনা হয়। সভায় আলোচনার প্রেক্ষিতে বিদ্যুৎ বিলের ক্ষেত্রে স্মার্ট মিটার বসানোর বিষয়ে গুরুত্বারোপ করা হয়। সভায় আলোচনায় অংশ নেন মুখ্যসচিব ইউ ভেঙ্কটেশ্বরলু।

সভায় এছাড়াও আলোচনায় অংশ নেন অতিরিক্ত মুখ্যসচিব মনোজ কুমার, ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ উন্নয়ন নিগমের টেকনিক্যাল ডিরেক্টর এস কে সিং, নিগমের ফিন্যান্স ডিরেক্টর অর্নব চক্রবর্তী, ত্রিপুরা পাওয়ার জেনারেশন লিমিটেড এর ভারপ্রাপ্ত সি এম ডি মহানন্দ দেববর্মা। পর্যালোচনা সভায় ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ উন্নয়ন নিগমের জেনারেল ম্যানেজার সমস্ত এডিশ্যানাল জেনারেল ম্যানেজার এবং ডি জি এম উপস্থিত ছিলেন।
